

21 OCT 2012... ..
১৩ ১৩ ১৩

কিশোরগঞ্জে বাউবির আসন সংকটে উচ্চশিক্ষা ব্যাহতের আশঙ্কা

■ পাবুন্দিয়া (কিশোরগঞ্জ) সংবাদদাতা

কিশোরগঞ্জে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ডিগ্রি প্রোগ্রামে আসন সংকট দেখা দিয়েছে। চলতি মেশনে আসন সংখ্যা না বাড়ালে অনেক শিক্ষার্থী উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কায় রয়েছে। জানা যায়, কিশোরগঞ্জ জেলায় বাউবি পরিচালিত বিএ/বিএসএস প্রোগ্রামের দুটি স্টাডি সেন্টার রয়েছে। এগুলো হলো- কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ ও পাবুন্দিয়া ডিগ্রি কলেজ। প্রতিটি সেন্টারের আসন সংখ্যা ৪০০। সবশেষ সূত্রে জানা যায়, গত ২৮ মে ২০১২ ডিগ্রি প্রোগ্রামে ভর্তি শুরু হয়। দুটি সেন্টারের প্রত্যেকটিতে ৩৫০ জন করে শিক্ষার্থী ভর্তি হয়। কিছুদিন পূর্বে এইচএসসি প্রোগ্রামের ফলাফল দেয়া হয় এবং জেলায় প্রায় ৮০০ শিক্ষার্থী কৃতকার্য হয়। প্রতিটি স্টাডি সেন্টারে আসন সংখ্যা ৪০০ সীমিত হওয়ায় অধিকাংশ শিক্ষার্থী ভর্তি হতে পারছে না। এ ব্যাপারে কিশোরগঞ্জ কো-অর্ডিনেটিং অফিস (সিও) অফিসে যোগাযোগ করা হলে তারা আসন সংকটের বিষয়টি স্বীকার করে জানান, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।